কালের কণ্ঠ

তারিখ 27 AUG 2011
পৃষ্ঠা ... কলাম ...

জঙ্গিবাদ-ইভ টিজিং প্রতিরোধ

# স্কুল শিক্ষার্থীদের সচেতন করতে উদ্যোগ

**নিজস্ব প্রতিবেদক ▷**

জঙ্গিবাদ, ইভ টিজিং ও চিকুনগুনিয়া প্রতিরোধে স্কুল শিক্ষার্থীদের সচেতন করতে বিশেষ উদ্যোগ নিয়েছে মিরপুর উপশহর সরকারি প্রাথমিক বিদ্যালয় কর্তৃপক্ষ। জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে গতকাল শনিবার দুপুরে বিদ্যালয় প্রাঙ্গণে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। ওই সভায় জঙ্গিবাদ ও ইভ টিজিং বিষয়ে শিক্ষার্থীদের সচেতন করার বিষয়ে আলোচনা করা হয়।

উপশহর প্রাথমিক বিদ্যালয় সভাপতি এ আর রাজীবের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন লেখক ও গবেষক ফজলুল হক খান, শাহ আলী থানা আওয়ামী লীগ সভাপতি মুক্তিযোদ্ধা আগা খান মিন্টু, শাহ আলী থানার ওসি আনোয়ার হোসেন, ডিএনসিসির ৮ নম্বর ওয়ার্ড কমিশনার কাজী টিপু সুলতান, বাংলাদেশ মহিলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক শিখা রানী চক্রবর্তী, প্রফেসর এম এ হামিদ, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সহকারী পরিচালক শেখ শামীম ইসলাম প্রমুখ।

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর